# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 04.08.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১। লাগাতার বর্ষণে উত্তর বঙ্গের বিভিন্ন এলাকা বানভাসি হবার আশঙ্কা । আগামী সাতদিন বৃষ্টির পূর্বাভাস।

২। DVC'র আচমকা জল ছাড়া নিয়ে আপত্তি জানিয়েছে রাজ্য সরকার।

৩। ডেঙ্গু মোকাবিলায় আগামী বৃহস্পতিবার সমস্ত জেলার আধিকারিকদের সঙ্গে জরুরী বৈঠকে বসছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

৪। রাজ্যের মন্ত্রী অখিল গিরির সরকারী আধিকারিকের প্রতি অভব্য আচরণের অভিযোগ নিয়ে রাজ্য রাজনীতি উত্তাল।

৫। কোলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে মহামেডান স্পোর্টিং এবং ডায়মন্ড হারবার F.C'র মধ্যে খেলা ১-১ গোলে অমীমাংসিত।

oooooooooooooooo

বর্ষার মরশুমে বৃষ্টির ঘাটতি থাকলেও নিম্নচাপের দরুণ কয়েকদিনের লাগাতার বর্ষণে দক্ষিণ ও উত্তরবঙ্গের বিভিন্ন এলাকা বানভাসি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। ডিভিসি সহ বিভিন্ন বাঁধ থেকে জল ছাড়া শুরু হয়েছে।

পাঞ্চেত ও মাইথন জলাধার থেকে গতকাল সকালে জল ছাড়ার পরিমাণ ছিল ৭৫ হাজার কিউসেক। পাঞ্চেত থেকে ৬৫ হাজার ও মাইথন থেকে ১০ হাজার কিউসেক জল ছাড়া হচ্ছে বলে আমাদের জেলা সংবাদদাতা তনুশ্রী

বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। এই পরিমাণ আরও বাড়তে পারে বলে জানিয়েছে কেন্দ্রীয় জল কমিশন। ঝাড়খন্ডে প্রচুর বৃষ্টিপাতের প্রেক্ষিতে তেনুঘাট জলাধার থেকে প্রচুর পরিমাণে জল ছাড়া হচ্ছে। স্বাভাবিকভাবে পাঞ্চেত জলাধার থেকেও জল ছাড়ার পরিমাণ বাড়বে। নদী অববাহিকা অঞ্চলের বাসিন্দাদের উদ্দেশে কমিশনের তরফে হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বীরভূমের তিলপাড়া বাঁধ থেকেও সাড়ে ৫ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। হুগলী জেলার বেশ কিছু অঞ্চল ইতোমধ্যে জলমগ্ন। তবে দক্ষিণবঙ্গের  কংসাবতী নদীতে জলস্তর এখনও বিপদসীমার নীচেই রয়েছে।

উত্তরবঙ্গে প্রবল বর্ষণের মধ্যেই তিস্তায় জারি হয়েছে হলুদ সতর্কতা।

এদিকে আগামী কয়েকদিন ভারি থেকে অতি ভারি বৃষ্টির সতর্কতা থাকায় উদ্বিগ্ন তিস্তা নদী সংলগ্ন এলাকার বাসিন্দারা। জলপাইগুড়ির দোমহনী ও মেখলিগঞ্জে বাংলাদেশ সীমান্ত পর্যন্ত অসংরক্ষিত এলাকায় সতর্কতা জারি করা হয়েছে বলে খবর।

কোনোরকম আলোচনা না করেই ডিভিসি প্রায় এক লক্ষ কিউসেক জল ছাড়তে চলেছে বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। গতকাল নবান্নে বন্যা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা বিভিন্ন জেলার জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। এক সাংবাদিক সম্মেলনে **মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা** আলাপন বন্দ্যোপাধ্যায় বলেছেন, পরিস্থিতি মোকাবিলায় রাজ্য প্রশাসন তৎপর রয়েছে। নীচু এলাকার বাসিন্দাদের সুরক্ষিত জায়গায় সরে যাওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। এব্যাপারে নবান্ন থেকে সংশ্লিষ্ট জেলাগুলিকে প্রয়োজনীয় নির্দেশও দেওয়া হয়েছে।

(বাইট – আলাপন)

রাজ্য প্রশাসন বিষয়টি নিয়ে ডিভিসির দিকে দায় ঠেললেও, রাজ্য সরকার বাঁধগুলির রক্ষণাবেক্ষণে আদৌ কোনো কাজ করেছে কিনা, সে প্রশ্ন তুলেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার ।

( বাইট - সুকান্ত)

ooooooooooooooooo

দুর্যোগের মধ্যে বঙ্গোপসাগরে মাছধরার একটি ট্রলার ডুবে গিয়েছে। গতকাল বিকেলে ঘটনাটি ঘটেছে বঙ্গোপসাগরের বাঘেরচরের কাছে। ট্রলারটিতে ১৪ জন মৎস্যজীবী ছিলেন। পাশে থাকা অন্য ট্রলারের মৎস্যজীবীরা সমুদ্র থেকে ১৪ জনকেই উদ্ধার করেন। প্রত্যেকেই সুস্থ আছেন বলে মৎস্যজীবী ইউনিয়ন সূত্রে জানা গেছে। তবে ডুবন্ত ট্রলারটির কোনো খোঁজ নেই। গতকাল সকালে পাথরপ্রতিমার এল-প্লট থেকে এফবি দশভূজা নামের ওই ট্রলারটি ইলিশ ধরতে বের হয়। ট্রলারটি বাঘেরচর থেকে আরও গভীরে মাছ ধরার জাল ফেলার সময় উত্তাল ঢেউয়ের জেরে পাটাতন ফেটে যায়। তারপর হুহু করে জল ঢুকতে থাকে। ডুবন্ত ট্রলার থেকে বাঁচার জন্য সাগরের জলে ঝাঁপ দেয় ১৪ জন। পাশের মৎস্যজীবীরা আর্ত চিৎকার শুনে প্রত্যেককে উদ্ধার করেন। রাতেই উদ্ধার মৎস্যজীবীদের নামখানা ঘাটে ফিরিয়ে আনা হয়েছে।

অন্যদিকে নিম্নচাপ, মৌসুমি অক্ষরেখার সঙ্গে অমাবস্যার কটালের ত্রিফলায় আতঙ্কিত সুন্দরবনবাসী। সুন্দরবনজুড়ে বেহাল বাঁধ উপচে জল

ঢোকার আশঙ্কা করা হচ্ছে। বিশেষকরে গঙ্গাসাগরের সমুদ্রতট, মৌসুনি দ্বীপের বালিয়াড়া, পাথরপ্রতিমার গোবর্ধনপুর বা ঘোড়ামারাদ্বীপের নদী তীরবর্তী এলাকায় বাঁধের বেহাল দশা। গত পূর্ণিমার কটালেও এই এলাকাগুলিতে বাঁধ ভেঙে জল ঢুকেছে। ফের কটাল এসে পড়ায় আশঙ্কা বেড়েছে কয়েকগুন। জেলায় আজ বৃষ্টির হলুদ সতর্কতা জারী আছে। দুর্যোগ মোকাবিলায় মহকুমা ও ব্লকস্তরে কন্ট্রোলরুম খোলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

চলতি বর্ষার মরসুমে রাজ্যের বিভিন্ন পুরসভা এলাকায় ডেঙ্গু মোকাবিলায় রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। পুরমন্ত্রী ফিরহাদ হাকিমের পৌরোহিত্যে আগামী বৃহস্পতিবার ধনধান্য প্রেক্ষাগৃহে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে স্বাস্থ্য, পুর দপ্তরের আধিকারিকরা ছাড়াও সব পুরসভার চেয়ারম্যান ও মেয়রদের নির্দেশ দেওয়া হয়েছে। থাকবেন রোগ বিশেষজ্ঞরাও। পাশাপাশি জমে থাকা জল দ্রুত সরাতেও পৌরসভাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে বলে পুরমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের তাজপুর সমুদ্র সৈকত এলাকায় বেআইনী দখলদার উচ্ছেদ করতে গিয়ে রাজ্যের মন্ত্রী অখিল গিরির অভব্য আচরণের সামনে বনদপ্তরের এক মহিলা আধিকারিকরে পড়তে হয়েছে বলে অভিযোগ উঠেছে। সংবাদমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে কারামন্ত্রী, ওই আধিকারিককে দেখে নেওয়ার হুমকি দিচ্ছেন বলে দেখা গেছে।

জানা গেছে, বনদপ্তরের জমি দখল করে অবৈধভাবে দেকান বসানো হয়েছিল। আইন মোতাবেক তাদের সরে যেতে বলা হলে রামনগরের বিধায়ক,

কারামন্ত্রী অখিল গিরি অভব্য আচরণ করেন। মারধররেও তিনি হুমকি দিয়েছেন বলে অভিযোগ।

এর আগেও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেছিলেন অখিল গিরি।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ, অখিল গিরির আচরণের তীব্র সমালোচনা করেছেন। এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, যেভাবে অখিল বাবু মহিলা অফিসারের সঙ্গে দুর্ব্যবহার করেছেন, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

কারামন্ত্রীর মন্তব্যের তীব্র সমালোচনা করেছে বিজেপিও। দলের বিধানসভার মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, এটাই তৃণমূলের দলীয় সংস্কৃতি।

মুখ্যমন্ত্রীর নির্দেশ মতোই রাজ্যজুড়ে দখলদার উচ্ছেদ অভিযান চলেছে। সেই মতোই ওই মহিলা আধিকারিক তার কর্তব্য পালন করছিলেন।

বারবার অভব্য আচরণের পরও অখিল গিরি কিভাবে নিজের পদে বহাল আছেন, সেই প্রশ্ন তুলেছেন সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

oooooooooooooooo

চিকিৎসার গাফিলতিতে পায়েল দাস নামে এক প্রসূতির মৃত্যুর ঘটনার জেরে বনগাঁর ফুলতলা এলাকার শতাধিক বাসিন্দা গতরাতে উত্তেজিত হয়ে বনগাঁ থানার সামনে মৃতদেহ সঙ্গে নিয়ে বিক্ষোভ দেখান। তাঁদের অভিযোগ, গত বুধবার স্থানীয় আপনজন নার্সিং হোমে সে সন্তান প্রসব করে। তারপর থেকে শারীরিক পরিস্থিতি ক্রমশ খারাপ হতে থাকলেও সংশ্লিষ্ট চিকিৎসক গ্রাহ্য করেননি। শারীরিক অবস্থার দ্রুত অবনতি হতে থাকায় তাঁকে শুক্রবার রাতে এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করা হয়। গতকাল সকালে সেখানেই তাঁর মৃত্যু হয়।

পায়েলের পরিবারের অভিযোগ, নার্সিং হোমের চিকিৎসক প্রয়োজনীয় ব্যবস্থা না নিয়ে ভুল চিকিৎসা করেছেন। ওই চিকিৎসকের শাস্তির দাবি তুলেছে উত্তেজিত জনতা। তাঁর বিরুদ্ধে থানায় এফআইআর করা হয়।

০০০০০০০০০০০০০০০০

আট বছর আগের একটি হত্যাকাণ্ডের ঘটনায় হাওড়া আদালত সোনু যাদব নামে এক যুবককে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেছে। মালিপাঁচঘড়া থানার ঘুসুড়িতে চায়ের দোকানের বচসাকে কেন্দ্র করে সুনীল যাদব নামে এক ব্যক্তিকে সে লোহার রড দিয়ে মারে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০

শ্রাবণী মেলা উপলক্ষ্যে, পূর্ব রেলের হাওড়া ডিভিশন তারকেশ্বর ও শেওড়াফুলির মধ্যে চলতি মাসের পরপর তিনটি সোমবার অর্থাৎ ৫, ১২ ও ১৯ তারিখে আরো একটি ইএমইউ স্পেশাল ট্রেন চালাবে। ট্রেনগুলি তারকেশ্বর থেকে সকাল ১০ টা ৩ মিনিটে ছেড়ে শেওড়াফুলি পৌঁছাবে সকাল ১০ টা ৫০ মিনিটে। শেওড়াফুলি থেকে সকাল ১০ টা ৫৮ টায় ছেড়ে ট্রেন তারকেশ্বর সকাল ১১ টা ৪৮ মিনিটে পৌঁছাবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০

সিপিআইএমের প্রবীন নেতা, গণতান্ত্রিক যুব ফেডারেশনের বীরভূম জেলার প্রথম সম্পাদক ব্রজ মুখোপাধ্যায় প্রয়াত। ২০ বছর বীরভূম জেলা পরিষদের সভাধিপতি ও ২ বার সিউড়ির বিধায়ক ছিলেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর। তিনি বার্ধক্য জনিত নানা রোগে ভুগছিলেন। কলকাতার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। সেখানেই গতকাল দুপুরে তাঁর জীবনাবসান হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

শহর কলকাতায় কোনো বেআইনী নির্মাণ হচ্ছে না বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন। গতকাল পুরভবনে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, বেআইনী নির্মাণ বন্ধে বেশ কিছু নীতি নির্দেশিকা জারি করা হয়েছে। পুরসভার বিল্ডিং বিভাগের ইঞ্জিনিয়াররা পর্যাপ্ত নজরদারি চালাচ্ছেন। তৈরি করা হয়েছে লগ বুকও। পুরসভা এব্যাপারে যথেষ্টা কড়া অবস্থান নিচ্ছে বলেও তিনি জানান। পাশাপাশি কোনো খালও দখল করতে দেওয়া হবে না বলে এদিন ফিরহাদ হাকিম উল্লেখ করেন। শহরের নিকাশি ব্যবস্থার উন্নতিতে খাল দখলমুক্ত করতে তিনি নিজে পুলিশ কমিশনারের সঙ্গে বৈঠক করবেন বলেও মেয়র জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে নৈহাটি স্টেডিয়ামে গতকাল মহামেডান স্পোর্টিং ও ডায়মন্ডহারবার এফ সির মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। বিরতিতে ডায়মন্ডহারবার ক্লাব ১-০ গোলে এগিয়ে ছিলো। অন্য ম্যাচে সাদার্ন সমিতি ৪-০ গোলে আর্মি রেড দলকে হারিয়ে দেয়। মেসারাস ক্লাব ও এরিয়ান এর মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০